**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 15-03-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলিতে বিনিয়োগের সম্ভাবনা বৃদ্ধি করার লক্ষ্যে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহাকে আহ্বায়ক হিসেবে নিযুক্ত করে একটি উচ্চ পর্যায়ের টাস্ক ফোর্স গঠন করেছে ডোনার মন্ত্রক ।**

**(২) পিএম ডিভাইন স্কিমে পুনর্নবীকরণ যোগ্য শক্তি উন্নয়ন সংস্থার উদ্যোগে রাজ্যের দুর্গম পার্বত্য এলাকায় ২৭৪ টি পাড়াতে সোলার মাইক্রো গ্রিড স্থাপনের কাজ চলছে।**

**(৩) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ উত্তর-পূর্বাঞ্চলের শান্তি প্রতিষ্ঠায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ভূমিকার প্রশংসা করেছেন।**

**(৪) উদয়পুরের শিব বাড়ি ও ত্রিপুরা সুন্দরী মন্দিরে আজ জমাতিয়া হদা সম্প্রদায়ের ঐতিহ্যবাহী চৈত্র পূজা হয়।**

****************************************

**CM-Donar :**

উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলিতে বিনিয়োগের সম্ভাবনা বৃদ্ধি করার লক্ষ্যে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহাকে আহ্বায়ক হিসেবে নিযুক্ত করে একটি উচ্চ পর্যায়ের টাস্ক ফোর্স গঠন করেছে ডোনার মন্ত্রক। টাস্ক ফোর্সের সদস্য হিসাবে রয়েছেন কেন্দ্রীয় ডোনার মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া, মেঘালয়ের মুখ্যমন্ত্রী কনরাড সাংমা, নাগাল্যান্ডের মুখ্যমন্ত্রী নেইফিউ রিও এবং সিকিমের মুখ্যমন্ত্রী প্রেম সিং তামাং। মুখ্যমন্ত্রী ডা: সাহার নেতৃত্বে এই টাস্ক ফোর্স আগামী ৬ মাসের মধ্যে এনইসির কাছে রিপোর্ট জমা দেবে। উত্তর পূর্বাঞ্চলে ইনভেস্টমেন্ট ইকোসিস্টেম, কৃষি, পর্যটন, আইটি এবং পুনর্নবীকরণযোগ্য শক্তির মতো অগ্রাধিকার ক্ষেত্রগুলির জন্য পছন্দসই

বিনিয়োগের সম্ভাবনা বাড়াতে একটি কৌশলগত রোডম্যাপ তৈরির জন্য টাস্ক ফোর্সকে বলা হয়েছে। উল্লেখ্য গত বছরের ২১ ডিসেম্বর আগরতলায় নর্থ ইস্টার্ন কাউন্সিলের ৭২তম প্লেনারি অধিবেশনে উত্তর-পূর্ব রাজ্যগুলির মুখ্যমন্ত্রীদের বৈঠকে এই টাস্ক ফোর্স গঠনের সিদ্ধান্ত নেওয়া হয়েছিল।

*****************************

**PM Divine scheme :**

পিএম ডিভাইন স্কিমে পুনর্নবীকরণ যোগ্য শক্তি উন্নয়ন সংস্থার উদ্যোগে রাজ্যের দুর্গম পার্বত্য এলাকা গুলিতে যেখানে বিদ্যুৎ পৌঁছানো সম্ভব হয়নি, তেমন ২৭৪টি পাড়াতে সৌর বিদ্যুতের জন্য সোলার মাইক্রো গ্রিড স্থাপনের কাজ চলছে। এরমধ্যে ১৩২টি পাড়াতে সোলার মাইক্রো গ্রিড বসানোর কাজ সম্পূর্ণ হয়েছে। আজ আকাশবাণীর প্রতিনিধিকে একথা জানিয়েছেন পুনর্নবীকরণ যোগ্য শক্তি উন্নয়ন সংস্থার যুগ্ম অধিকর্তা দেবব্রত শুক্ল দাস। তিনি বলেন এই গ্রিড চালু হওয়ার ফলে প্রত্যন্ত ব্লক এলাকার প্রায় তিন হাজার পরিবার উপকৃত হয়েছেন। সেই সব এলাকার প্রতিটি বাড়িতেই এখন তিনটি করে ২০ কিলোওয়াট এর এলইডি বাল্ব জ্বালানোর পাশাপাশি মোবাইল চার্জ করা যাচ্ছে। ফলে ওই সমস্ত দুর্গম এলাকার জনজাতি পরিবার গুলির শিক্ষার পাশাপাশি আর্থসামাজিক উন্নয়ন হচ্ছে। কারণ তারা এখন রাতেও বাড়িতে বসে বাঁশ বেতের জিনিস সহ ছোট ছোট শিল্প সামগ্রী তৈরি করতে পারছেন।

*****************************

**Amit Shah :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ উত্তর-পূর্বাঞ্চলের শান্তি প্রতিষ্ঠায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ভূমিকার প্রশংসা করেন। আজ মিজোরামের আইজলে আসাম রাইফেলস ব্যাটালিয়নের জমি মিজোরাম সরকারের কাছে হস্তান্তর এবং মানচিত্র বিনিময় অনুষ্ঠানে তিনি একথা বলেন।

তিনি বলেন যে মিজোরামের উন্নয়নের জন্য একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে, আসাম রাইফেলসের সদর দপ্তর সেন্ট্রাল আইজল থেকে জোখাওসাং-

এ স্থানান্তর একটি দীর্ঘ প্রতীক্ষিত দাবি পূরণ করেছে এবং এটি মিজো জনগণের প্রতি ভারত সরকারের প্রতিশ্রুতির প্রতিফলন। শ্রী শাহ এই ঐতিহাসিক সিদ্ধান্তকে বাস্তবে রূপ দেওয়ার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকেও কৃতিত্ব দিয়েছেন।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী উত্তর-পূর্বাঞ্চল জুড়ে শান্তি প্রতিষ্ঠায় সরকারের প্রচেষ্টার কথা তুলে ধরেন।

######Byte-Amit Shah#####

*****************************

**Amit Shah :**

এর আগে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ আসামের দেরগাঁওয়ে সংস্কারকৃত অত্যাধুনিক লাচিত বরফুকান পুলিশ একাডেমির উদ্বোধন করেন এবং পুলিশ একাডেমির আবাসন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। অনুষ্ঠানে তিনি বলেন, আসাম দ্রুত গতিতে উন্নয়ন করছে এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে রাজ্যে শান্তি ফিরে এসেছে।

রাজ্যে কোনও সহিংসতা না থাকায় ব্যবসায়িক ক্ষেত্রটি সমৃদ্ধ হচ্ছে যা যুবকদের জন্য কর্মসংস্থানের সুযোগ তৈরি করছে। তিনি আরও জানান যে কেন্দ্র আসামের জন্য ৩ লক্ষ কোটি টাকার প্রকল্প প্রদান করবে এবং এটি পরিকাঠামো ক্ষেত্রকে চাঙ্গা করবে। অনুষ্ঠানে আসামের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা বলেন, আজ আসাম পুলিশের জন্য স্মরণীয় দিন এবং কিংবদন্তি আহোম জেনারেল লাচিত বরফুকনের প্রতি শ্রদ্ধাঞ্জলী জানানোর দিন।

আগামীকাল, শ্রী শাহ কোকরাঝাড় জেলার দোটমায় সর্ব বোড়ো ছাত্র ইউনিয়নের ৫৭তম বার্ষিক সম্মেলনে ভাষণ দেবেন এবং পরে, গুয়াহাটিতে উত্তর-পূর্ব রাজ্যগুলিতে নতুন ফৌজদারি আইন বাস্তবায়নের পর্যালোচনা করবেন এবং সন্ধ্যায় নতুনদিল্লি ফিরে যাবেন।

*****************************

**Chancal Majumder :**

সিপিআই(এম) নেতা চঞ্চল মজুমদার আজ ভোরে আগরতলায় তার নিজ বাসভবনে প্রয়াত হয়েছেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭০ বছর। আজ দুপুরে আগরতলার বটতলা মহাশ্মশানে শেষকৃত্য সম্পন্ন হয়। প্রয়াত চঞ্চল মজুমদারের প্রতি শ্রদ্ধা জানিয়েছেন, প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার, প্রাক্তন মন্ত্রী মানিক দে ও রতন ভৌমিক, প্রাক্তন সাংসদ শংকর প্রসাদ দত্ত, সিপিআইএম এবং সি.আই.টি.ইউ-র অন্যান্য নেতৃবৃন্দ।

এদিকে, প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার এক শোকবার্তায় ত্রিপুরা মোটর শ্রমিক ইউনিয়নের বর্তমান নেতৃত্ব তাঁদের সম্মিলিত কর্মকাণ্ডের মধ্য দিয়ে চঞ্চল মজুমদার এর অবর্তমানে সৃষ্ট শূন্যতা কাটিয়ে উঠতে অবশ্যই সক্ষম হবে বলে আশা ব্যক্ত করেন।

****************************

**Police Transfer :**

রাজ্য পুলিশের এস পি পদে সামান্য রদবদল করা হয়েছে। উনকোটি জেলার পুলিশ সুপার হচ্ছেন সুধাম্বিকা আর এবং বর্তমানে উনকোটি জেলার পুলিস সুপার কান্তা জাঙ্গির ট্রাফিক সুপার পদে বদলি হয়েছেন।

******************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*****************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩০শে মার্চ রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১২০তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। জনগনের পরামর্শ এমাসের ২৮ তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

****************************

**JAMATIA HODA PUJA :**

উদয়পুরের শিব বাড়ি ও ত্রিপুরা সুন্দরী মন্দিরে আজ জমাতিয়া হদা সম্প্রদায়ের ঐতিহ্যবাহী চৈত্র পূজা হয়। জমাতিয়া হদার প্রদেশ সভাপতি মোহিত লাল জমাতিয়া আমাদের সংবাদদাতা শ্যামসুন্দর দত্তকে জানান, রাজন্য আমল থেকে এই রীতি চলে আসছে। এবছর ৪৩৪তম বর্ষের পূজা। দুই মন্দিরের পূজার দায়িত্বে রয়েছেন দুই হদা অক্রা বিজয় কুমার জমাতিয়া ও মনিন্দ্র কুমার জমাতিয়া। ৩০২টি গ্রাম থেকে ৩৬ জন পাঞ্চাই এই পূজার সহযোগি হিসেবে কাজ করেছেন। আজ ভোর থেকে রাজ্যের বিভিন্ন এলাকার জমাতিয়া হদা সম্প্রদায়ের পুন্যার্থীরা শিব বাড়ি ও মাতাবাড়িতে পুজো দেন। এই পূজায় উপস্থিত ছিলেন বিধায়ক রামপদ জমাতিয়া ও অভিষেক দেবরায়, জমাতিয়া হদার আইনি উপদেষ্টা দাতা মোহন জমাতিয়া।

উল্লেখ্য, আগামী তিনদিন গোমতি, জম্পুই, খোয়াই ও মনু নদীতে গঙ্গা পূজা দেওয়া হবে।

********************************

**WAVES 2025 :**

আগামী ১ থেকে ৪ মে মুম্বাইয়ের জিও ওয়ার্ল্ড কনভেনশন সেন্টার-এ অনুষ্ঠিত হবে ওয়েভস সম্মেলন। ‘ব্যাটল অব ব্যান্ডস’-এর অসাধারণ সাফল্যের পর, ‘ওয়েভস’ এ নতুন সংযোজন হচ্ছে ‘ব্যাটল অব ব্যান্ডস গ্লোবাল’ বা বিশ্ব ব্যান্ড প্রতিযোগিতা। এই নতুন উদ্যোগের লক্ষ্য বিশ্ব-দুনিয়ার বৃহত্তর দর্শকের কাছে পৌঁছানো এবং নতুন প্রজন্মের কাছে সংগীতের গভীরতা, বৈচিত্র্য ও সুরভীকে তুলে ধরা। প্রসার ভারতী এবং ‘সারেগামা’র সহযোগিতায় আয়োজিত ‘ক্রিয়েট ইন ইন্ডিয়া চ্যালেঞ্জ’-এর অংশ হিসেবে এই প্রতিযোগিতায় অংশগ্রহণকারী ব্যান্ড দল নিজেদের প্রতিভা বিশ্ব দরবারে তুলে ধরতে পারবে। চারটি মূল স্তম্ভকে কেন্দ্র করে আয়োজিত হবে এই ‘ওয়েভস’ — সম্প্রচার ও তথ্য-বিনোদন, AV GC - XR, ডিজিটাল মিডিয়া ও উদ্ভাবন এবং চলচ্চিত্র শিল্প। এই সম্মেলন ভারতের বিনোদন শিল্পের ভবিষ্যৎ দিশা নির্ধারণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। সম্মেলনে শীর্ষস্থানীয় এই সকল ক্ষেত্রে বিশিষ্ট ব্যক্তি, নির্মাতা এবং প্রযুক্তিবিদরা একত্রিত হবেন।

***************************

**MLA Dipankar Sen :**

বিধায়ক দীপংকর সেন আজ দক্ষিণ ত্রিপুরা জেলার নবনিযুক্ত পুলিশ সুপার মৌর্য কৃষ্ণ চন্দ্রশেখরের সঙ্গে সৌজন্য সাক্ষাত করেন। বিলোনিয়া থানার নতুন বাড়ি তৈরি করা, শান্তিরবাজার মহকুমার লাউগাং এলাকায় একটি পুলিশ ফাঁড়ি স্থাপন, নেশা জাতীয় সামগ্রী বিক্রির সঙ্গে জড়িতদের বিরুদ্ধে কড়া পদক্ষেপ গ্রহন, রাত ১০টার পর লাউড স্পিকার বাজানো বন্ধ করা, এবং গোটা জেলার ট্রাফিক ব্যবস্থাকে শক্তিশালী করার পাশাপাশি চুরি ডাকাতি বন্ধে পুলিশি টহলদারি বৃদ্ধির জন্য বিধায়ক শ্রী সেন সুপারের

কাছে দাবী জানান। বিধায়কের সঙ্গে ছিলেন সি.পি.আই.এম বিলোনিয়া মহকুমা সম্পাদক বিজয় তিলক সহ অন্যান্য নেতৃবৃন্দ।

****************************

**Mukhamantri Janjati Bikas Yojana :**

জুমচাষ সাহায্য প্রকল্পে কৈলাশহর মহকুমার কুড়িজন জুম চাষীকে দুই হাজার টাকা করে অর্থ সাহায্য করা হবে। মহকুমা কল্যাণ আধিকারিক মতিরঞ্জন দেববর্মা আজ জানান, মুখ্যমন্ত্রী জনজাতি বিকাশ যোজনায় মহকুমার ৫১ জন সহায়তা পাবেন। এরমধ্যে চন্ডীপুর ব্লক এলাকার ৩১ জন, এবং গৌরনগর ব্লক এলাকার ২০ জন উপকৃত হবেন। সুবিধাভোগীদের কর্মসংস্থানের জন্য ২৫ হাজার টাকা করে অর্থ সাহায্য করা হবে বলে তিনি জানান।

***************************

**Holi Festival-South :**

আজ বিলোনিয়ার ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কলেজে হোলি ও বসন্ত উৎসব উদযাপিত হয়। উৎসবের সূচনা করেন বিলোনিয়া পুর পরিষদের চেয়ারম্যান নিখিল চন্দ্র গোপ। এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে হোলি ও বসন্ত উৎসবের আনন্দে মেতে উঠেন কলেজের ছাত্র-ছাত্রী শিক্ষক-শিক্ষিকারা।

*******************************

**Saras Mela :**

দ্বিতীয় ঊনকোটি জেলা ভিত্তিক সরস মেলা আগামী ২০শে মার্চ থেকে কুমারঘাটের P.W.D ময়দানে শুরু হচ্ছে। তিনদিনের এই মেলা চলবে আগামী ২২শে মার্চ পর্যন্ত। ত্রিপুরা গ্রামীণ আ-জীবিকা মিশনের জেলা সংযোজক শান্তকমল চাকমা জানান, মেলায় থাকবে মোট ষাটটি বিপনন স্টল।

*************************

**District Level 7 day's Yoga Workshop :**

বিলোনিয়ার বিদ্যাপীঠ যোগ প্রশিক্ষণ কেন্দ্রে আজ থেকে দক্ষিণ জেলাভিত্তিক সাত দিনের যোগ প্রশিক্ষণ শিবির শুরু হয়েছে। শিবিরের সূচনা করেন বিলোনিয়া পুর পরিষদের চেয়ারম্যান নিখিল চন্দ্র গোপ। ক্রীড়া ও যুব কল্যাণ দপ্তরের সহকারী অধিকর্তা মিহির শীল জানান, জেলার তিনটি মহকুমা থেকে ৩০ জন নির্বাচিত প্রশিক্ষণার্থী কর্মশালার অংশ নিয়েছেন। জাতীয় স্তরের প্রতিযোগিতায় সাতবার স্বর্নপদক জয়ী আকাঙ্খা মজুমদার ও খেলো ইন্ডিয়ার বিশ্ববিদ্যালয় স্তরের প্রতিযোগিতায় স্বর্ন পদক জয়ী পুনম দাস শিবিরে প্রশিক্ষন দেবেন।

****************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫. ৫ ডিগ্রি সেলসিয়াস। আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সর্তকতা জারি করা হয়েছে।

****************************